# 3996 - কোন কাফেরকে মুসহাফ (কুরআনগ্রন্থ) দেয়ার হুকুম কী; যে মুসহাফের মার্জিনে অনুবাদ লেখা আছে

## প্রশ্ন

দাওয়াতের উদ্দেশ্যে কোন কাফেরকে কুরআনের অনুবাদ দেয়া কি জায়েয আছে; যে অনুবাদের সাথে আরবী টেক্সও রয়েছে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আমরা নিম্নোক্ত প্রশ্নটি শাইখ মুহাম্মদ বিন সালেহ আল-উছাইমীন এর কাছে পেশ করেছি:

“কোন কাফেরকে কুরআনের তরজমা দেয়ার হুকুম কী; যে তরজমার সাথে আরবী টেক্স রয়েছে। তরজমা ও তাফসিরের পরিমাণ অর্ধা অর্ধি হবে।”

শাইখ উত্তরে বলেন:

আল্লাহ্ আপনাকে নিরাপদে রাখুন; আলেমদের নিকট সুবিদিত অভিমত হল: কুরআনের উপর কোন কাফেরকে আধিপত্যশীল করা জায়েয নয়। তবে, যদি কোন কাফের সত্যিকারভাবে কুরআন জানতে আগ্রহী হয় তাহলে তাকে লাইব্রেরীতে দাওয়াত দিবেন; সেটা নিজের বাসার লাইব্রেরী হোক কিংবা পাবলিক লাইব্রেরী হোক। এরপর নিজের উপস্থিতিতেই তাকে কুরআন দেখাবে। আর যদি আরবী টেক্স ছাড়া কুরআনের কোন তরজমা পাওয়া যায় তাহলে সেটা কোন কাফেরকে দিতে বাধা নেই।

আল্লাহ্ই সর্বজ্ঞ।